উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর এর জুলাই/২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ আমজাদ হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালীগঞ্জ, গাজীপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, কালীগঞ্জ, গাজীপুর।
সভার তারিখ : ১৮.০৭.২০২৪ খ্রি., সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট 'ক' তে এবং অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'খ' তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের উন্নয়নে উপজেলা প্রশাসন ও নির্বাচিত জনপ্রতিনিধিগণকে স্ব স্ব কর্মক্ষেত্রে আন্তরিকতার সাথে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন এবং সরকারি নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য উপস্থিত জনপ্রতিনিধি ও দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন।

অতঃপর, সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয় এবং আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রঃ নং	বিভাগসমূহ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালীগঞ্জ, গাজীপুর সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের আওতায় মোট ৭২টি প্রকল্প গ্রহণ করা হয় তনমধ্যে ০২ টি কাজ বর্তমানে চলমান (যার অগ্রগতী যথাক্রমে ৯৭ শতাংশ), ২০২২-২০২৩ অর্থ বছরের আওতায় মোট ২৯ টি প্রকল্প গ্রহণ করা হয় তনমধ্যে ০২ টি কাজ বর্তমানে চলমান (যার অগ্রগতী যথাক্রমে ৯৮ শতাংশ) এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় মোট ৮,২৯,৪৯,৮২৬/- টাকা, যা থেকে মোট ৩২ টি প্রকল্প গ্রহণ করা হয়। তনমধ্যে ২৯ টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে এবং ০৩ টি কাজ বর্তমানে চলমান। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় মোট ৫৯,৬০,০০০/- টাকা, যা থেকের মোট ০২ টি প্রকল্প গ্রহণ করা হয়। তনমধ্যে ০১ টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে এবং ০১ টি কাজ বর্তমানে চলমান। উপজেলা উন্নয়ন সহায়তা খাতে (উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অভ্যন্তরের মেরামত) বাবদ থোক বরাদ্দ বাবদ মোট ৫০,০০,০০০/- টাকা সর্বমোট = ৮,২৯,৪৯,৮২৬ + ৫৯,৬০,০০০ + ৫০,০০,০০০ = ৯,৩৯,০৯,৮২৬/- টাকা বরাদ্দ পাওয়া, যা থেকে মোট ০৫ টি প্রকল্প গ্রহণ করা হয়। তনমধ্যে ০৫ টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে সর্বমোট = ২৫,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া, যা থেকের মোট ০১ টি প্রকল্প গ্রহণ করা হয় ও উক্ত কাজটি ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। চলমান প্রকল্প সমূহ বর্তমান অবস্থার প্রেক্ষিতে ঠিকাদারগণ যথাসময়ে সমাপ্ত করতে পারছে না। তাই উক্ত কাজগুলো দ্রুত সামাপ্তকরণের জন্য ডিসেম্বর/২০২৪ ইং পর্যন্ত সময় বৃদ্ধির প্রস্তাব রাখেন। তিনি সভায় আরও অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থবৎসরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উদ্বৃত্ত ছিলো যথাক্রমে ৫,৭৯,৪৬,৪৮৩.৯২ টাকা এবং যা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়। উক্ত অর্থের বিপরিতে চলতি অর্থবছরে উপজেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা ম্যানুয়েল এর উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা এর ৫ নং ও ৬(১) অনুযায়ী খাতভিত্তিক প্রকল্প গ্রহণ করার জন্য স্ব-স্ব	সভায় আলোচনাক্রমে সর্বসম্মতিতে উক্ত কাজগুলো দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। ০১। চলমান প্রকল্প সমূহ বর্তমান অবস্থার প্রেক্ষিতে ঠিকাদারগণ যথাসময়ে সমাপ্ত করতে পারছে না বিধায় উক্ত কাজগুলো দ্রুত সামাপ্তকরণের জন্য ডিসেম্বর/২০২৪ ইং পর্যন্ত সময় বৃদ্ধির প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। ০২। গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলাধীন উপজেলা চেয়ারম্যান অফিস মেরামতকরণ কাজটি RFQ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এবং উক্ত কাজের ব্যয়ভার উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	১। চেয়ারম্যান উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর। ৩। উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, গাজীপুর।

		বিভাগের কর্মকর্তাদের আহ্বান জানান এবং সেই সাথে সকল ইউপি চেয়ারম্যান, মেম্বার, মহিলা মেম্বার ও সুশীল সামাজের লোকজনদের কে প্রস্তাব পেশ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। তিনি সভায় আরও অবহিত করেন যে, গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার অধিনে পরিশিষ্ট "গ" এর বর্ণিত তালিকাটির রাস্তা সমূহ প্রসস্থ করা হবে। এবং গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলাধীন "চতুর্থ প্রাথমিক শিক্ষাউন্নয়ন কর্মসূচি" মজুরপুর, মোতারবড়ি, উত্তর সোম, দক্ষিণ সোম, নারগানা, মোহানি, বামনগাঁও, আজালিয়া, গলান, ৮১ নং পানজোরা বালিকা, রায়েরদিয়া, চৌড়ানয়াবড়ি এবং বামনগাঁও মোট ১০ (দশ) টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল ও গেইট নির্মাণ কাজের দরপত্র আহবান করা হয়েছে এবং তা সকলকে অবহিত করার জন্য উপস্থাপন করেন। তিনি সভায় আরও অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে বিভিন্ন স্থায়ী কমিটির সিদ্ধান্তের উপজেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা ম্যানুয়েল এর উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ক) অনুযায়ী "উপজেলা পরিষদ ভবন ও বাসাবড়ি/সংরক্ষণ/রংকরণ" খাতের বিধানের আলোকে নিম্নলিখিত ০১টি কাজের প্রাক্কলন প্রস্তুত করা হইয়াছে এবং জনস্বার্থে অত্র দপ্তরের আওতায় ০১টি কাজ সভায় অনুমোদনের জন্য প্রস্তাব রাখেন। ১। গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলাধীন উপজেলা চেয়ারম্যান অফিস মেরামতকরণ। প্রাক্কলিত ব্যয়ঃ ৩,০৪,০০৮/- তিনি সভায় আরও বলেন যে, উপজেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা ম্যানুয়েল এর উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৫(খ) অনুযায়ী নিম্নোক্ত ০২টি কাজরে প্রকলন প্রস্তুত করা হবে এবং তা সংশ্লিষ্ট জেলা নির্বাহী প্রকৌশলী, এলজিইডি'র কারিগরি প্রতিবেদন গ্রহণপূর্বক প্রকল্পের তালিকাটি প্রণয়ন করে উপজেলা পরিষদের সভায় অনুমোদনক্রমে স্থানীয় সরকার বিভাগে প্রশাসনিক অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। ০১। গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলাধীন উপজেলা পরিষদের ইউটিডিসি ভবন-২ মেরামত ও সংস্কারকরণ। ০২। গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলাধীন উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা পরিষদ মসজিদের সি.সি রাস্তা, ড্রেন মেরামত ও সংস্কারকরণ।		
০২	উপজেলা স্বাস্থ্য অধিদপ্তর	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর জানান অন্যান্য মাসের ন্যায় গত মাসে হাসপাতালে আগত সাধারণ রোগী ও জরুরি রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়।	উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
০৩	উপজেলা কৃষি অধিদপ্তর	উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে অনাবাদি পতিত জমি ও বসতবাড়ীর আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় বসতবাড়ীর আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান পুনঃস্থাপন-১১২ টি বাস্তবায়িত হয়। প্রতিজন কৃষককে ৩ মৌসুমের জন্য ২১ প্রকার শাক-সবজির বীজ, ভার্মি কম্পোষ্ট ও রাসায়নিক সার, বেড়া দেওয়ার নেট এবং পানি দেওয়ার ঝাঝড়ি দেওয়া হয়।	উপজেলা কৃষি বিভাগের মাঠ পর্যায়ের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
০৪	উপজেলা	উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে,	উপজেলা প্রাণি সম্পদ বিভাগের সকল	উপজেলা প্রাণি সম্পদ

	প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রাণিসম্পদ বিভাগের সম্প্রসারণ কার্যক্রম, কৃত্রিম প্রজনন ও চিকিৎসা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পশু খাদ্যে ভেজাল প্রতিরোধে ফিড মিল নিয়মিত পরিদর্শন, খাদ্য নমুনা পরীক্ষার জন্য গবেষণাগারে প্রেরণ করা হচ্ছে। প্রতিনিয়ত পোল্ট্রি খামার, ডেইরী ও বীফ ফ্যাটেনিং খামার পরিদর্শন করা হচ্ছে। খাদ্য বিক্রেতা ও খামারীদেরকে ভেজাল খাদ্য বিক্রি এবং ভেজাল খাদ্য না খাওয়ার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। পোল্ট্রি ফিড ও ক্যাটেল ফিডে স্টেরয়েড ব্যবহার না করার জন্য খাদ্য বিক্রেতা ও খাদ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করা হচ্ছে। ক্ষুরারোগ ও লাম্পি স্কিন ডিজিজ নিয়ন্ত্রণে উঠান বৈঠক ও লিফলেট বিতরণের মাধ্যমে সচেতন করা হচ্ছে। কালীগঞ্জ উপজেলার মাংস বিক্রেতাদের পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২১ এর আওতায় নিবন্ধনের আওতায় আনার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের ১৬টি পিজির ৪৮১ জন সদস্যদের নিয়ে গঠিত প্রাণিসম্পদ কৃষক মাঠ স্কুল কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় ঈশ্বরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ২০৫ শিক্ষার্থীর মাঝে মিল্ক ফিডিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। বিভিন্ন এলাকায় ক্ষুরারোগের এবং এল.এস.ডি রোগের প্রাদুর্ভাব দেখা দেওয়ায় রোগ নিয়ন্ত্রণে টিকা প্রদান কার্যক্রম জোরদার করা হয়েছে। ঘাস চাষ কার্যক্রম ও জোরদার করা হয়েছে। তাছাড়া আশ্রয়ণ প্রকল্পে প্রাণিসম্পদ সম্প্রসারণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। চলতি মাসে ৪০ জন মাংস বিক্রেতাকে মাংসের মান নিয়ন্ত্রণ ও জুনোটিক রোগ বিষয়ে দিনব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গবাদী পশুর এনথ্রাক্স, এফ.এম.ডি ও বি.কিউ এবং ছাগল ভেড়ার পি.পি আর রোগের প্রতিষেধক টিকা প্রদান করা হচ্ছে। মুরগীর রাণীক্ষেত, গামবোরো, ফাউল পক্স ও হাঁসের প্লেগ ও ডাক কলেরা রোগের টিকা প্রদান করা হচ্ছে।	কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়।	কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
০৫	উপজেলা মৎস্য অধিদপ্তর	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এখন পর্যন্ত ৯৫ জন মৎস্য চাষীকে মাছ চাষের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। জাটকা সংরক্ষণ অভিযান এর অংশ হিসেবে বাজার পরিদর্শন ও অভিযান চলমান রয়েছে।	উপজেলা মৎস্য বিভাগের অধীন সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
০৬	উপজেলা রিসোর্স সেন্টার	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, রিসোর্স সেন্টারে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষন চলছে। ডিসেম্বর/২৩ এর মধ্যে ২২ ব্যাচের প্রশিক্ষন সমাপ্ত হয়েছে, ৩ ব্যাচের প্রশিক্ষন চলছে। আগামীতে শিক্ষকদের লিডারশীপ প্রশিক্ষন দেয়া হবে। তাছাড়া প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি আইপিএস প্রদানের অনুরোধ করেন।	উপজেলা রিসোর্স সেন্টার এর সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালীগঞ্জ, গাজীপুর।
০৭	উপজেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তর	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে এ উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতির মোট সংখ্যা - ৫৭,৭৪৪ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা - ৪৫,৩৭৪ জন, পরিবার পরিকল্পনা গ্রহণকারীর হার ৭৮.৫৮%। জুন/২০২৪ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা মহিলা - ০৬,	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর ও সংশ্লিষ্ট সকল

		পুরুষ ০০ জন, গর্ভবতী মাতৃসেবা গ্রহণকারীর সংখ্যা-১,৭২২ জন, সিজারিয়ান সেবা গ্রহণকারীর সংখ্যা-১৫৬ জন, স্বাভাবিক প্রসব সেবা গ্রহণকারীর সংখ্যা-৬৪ জন, কিশোর কিশোরীর সেবা গ্রহণকারীর সংখ্যা ৬,২২৬ জন।		•
০৮	উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, কালীগঞ্জ পৌরসভা, নাগরী ইউনিয়নে বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের মধ্যে সংখ্যায় বেশি এবং জাঙ্গালিয়া ও মোক্তারপুর ইউনিয়নে কর্মরত শিক্ষকের সংখ্যা কম। কালীগঞ্জ উপজেলায় মোট ৫২ টি শূণ্য পদ রয়েছে। নতুন নিয়োগ প্রদান করা হলে শূণ্য পদসমূহ পুরণ করা হবে।	উপজেলা শিক্ষা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ মানসম্মত শিক্ষা ও প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
০৯	উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলায় ৩৮টি মাধ্যমিক বিদ্যালয়, ২৯টি মাদ্রাসা, ৩টি কলেজ রয়েছে। ২৪টি প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব রয়েছে। মিশন স্কুলসমূহকে সরকারি জবাবদিহিতায় আনয়নের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা প্রদান কার্যক্রম স্বাভাবিক আছে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ মানসম্মত শিক্ষা ও প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর
১০	উপজেলা পরিসংখ্যান অধিদপ্তর	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।	পরবর্তী সভায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর
১১	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮২ টি গভীর সাবমারসিবল পাম্প এর মধ্যে ৯১ টি স্থাপন কাজ সমাপ্ত, প্লাট ফরম এবং ট্যাংকি ফিটিং এর কাজ চলমান। বাকী ৯১ টি স্থাপন কাজ মাঠ পর্যায়ে চলমান রয়েছে। তাছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে রাজস্ব এর আওতায় ৯টি গভীর সাবমারসিবল পাম্প এর কাজ প্লাট ফরম এবং টাংকি ফিটিং এর কাজ চলমান। বাহাদুরসাদী ইউনিয়নের বাশাইর বাজারে ২টি সাবমারসিবল পাম্পে স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে।	উপজেলা জনস্বাস্থ্য বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কালীগঞ্জ, গাজীপুর।
১২	উপজেলা সমাজসেবা অধিদপ্তর	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে বয়স্ক, বিধবা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর, বেদে ভাতা ও অনগ্রসর শিক্ষা ও বেদে শিক্ষা উপবৃত্তি মধ্যে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ৩য় কিস্তির ভাতা বিতরণের নিমিত্ত মৃত ভাতাভোগীর পরিবর্তে প্রতিস্থাপিত ব্যক্তির তথ্য হালনাগাদ করা হচ্ছে। ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচীর বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের পুনর্বাসিত ভিক্ষুকদের তথ্য সমাজসেবা অধিদপ্তর, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়। রোগীকল্যাণ সমিতির আর্থিক সহায়তার লক্ষ্যে ০৯(নয়) জন রোগীকে আর্থিক সহায়তা প্রদান করা হয়।	উপজেলা সমাজসেবা বিভাগের আওতায় ভাতা বিতরণসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজ সেবা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
১৩	উপজেলা সমবায় অধিদপ্তর	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলাধীন ০১ টি কেন্দ্রীয় সমবায় সমিতিসহ ২২০টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। ১৪৫টি কার্যকর ও ৭৪টি অকার্যকর সমবায় সমিতি। ২০২২-২০২৩ খ্রি. সনে ১১১টি কার্যকর সমিতি ও ০১টি কেন্দ্রীয় সমিতি সহ মোট ১১২ টি সমিতির মধ্যে জুন/২০২৪ খ্রি. পর্যন্ত ১০০% সমিতির বার্ষিক	উপজেলা সমবায় বিভাগের আওতায় সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।

<table>
<tr><td></td><td></td><td>অডিট কার্যক্রম সম্পাদন করা হয়েছে। সমিতির উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে রয়েছে সহজ শর্তে ঋণ, সদস্যদের আবাসনের সমস্যা দূরীকরণে আবাসন প্রকল্প, আর্থিক সমস্যা দূরীকরণে মার্কেট/দোকান স্থাপন, মৎস্য চাষ, ক্ষুদ্র ব্যবসা পরিচালনা, হস্তশিল্পজাত পণ্য তৈরী, ডেইরী ফার্ম প্রকল্প ইত্যাদি। অত্র উপজেলায় নিবন্ধিত সমবায় সমিতির মাধ্যমে প্রায় ৫২০ জন পুরুষ ও মহিলার চাকুরীর মাধ্যমে কর্মসংস্থান হয়েছে এবং সমিতিগুলো থেকে ঋণ নিয়ে প্রায় ৬৫,৫২০ জন পুরুষ ও মহিলার স্বকর্মসংস্থানের সৃষ্টির মাধ্যমে বেকার সমস্যা দূর হয়েছে। জুন/২০২৪ পর্যন্ত ২০ জন সমবায়ীকে আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, নরসিংদীতে ও কোটবাড়ী কুমিল্লায় প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়েছে। তাছাড়া সিভিডিপির আওতায় ১২০ জন যুবককে ইলেক্ট্রিক ও প্লাম্বিং কোর্সে ০২ (দুই) মাসের প্রশিক্ষণের জন্য টংগীর বিসিক, আশুলিয়া ও সাভার এলাকায় ট্রেনিং সেন্টারে প্রেরণ করা হয়েছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা আনসার ও ভিডিপি অধিদপ্তর</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, আইন শৃঙ্খলা রক্ষার স্বার্থে বিভিন্ন স্থানে প্রয়োজনীয় সংখ্যক আনসার নিয়োগ করা হয়েছে।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অধিদপ্তর</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কালীগঞ্জ, গাজীপুর বর্তমানে ০৯ টি প্রকল্প নিয়ে কাজ করছে। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত ঋণ বিতরণ-
<table>
<tr><td>লক্ষমাত্রা (বছরে)</td><td>এ পর্যন্ত বিতরণ</td><td>ক্রমপুঞ্জিত বিতরণ</td></tr>
<tr><td>(লক্ষ টাকা)
৪০৭</td><td>(লক্ষ টাকা)
২১০.৫০</td><td>(লক্ষ টাকা)
৫,২৫০.২০</td></tr>
</table>
২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত ঋণ আদায়ের বিবরণ-
<table>
<tr><td>চলতি মাসে আদায়</td><td>চলতি অর্থবছরে এ পর্যন্ত আদায়</td><td>ক্রমপুঞ্জিত আদায়</td></tr>
<tr><td>(লক্ষ টাকা)
২১.০৮</td><td>(লক্ষ টাকা)
১৯০.৭০</td><td>(লক্ষ টাকা)
৪৪,৭৮০.৮০</td></tr>
</table></td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের আওতায় লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায়সহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।</td></tr>
<tr><td>১৬</td><td>পল্লী বিদ্যুৎ সমিতি</td><td>ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলায় ৪৪০ কি.মি. সংযোগের আপগ্রেডেশনের কাজ শুরু হবে। তাছাড়া পূবাইল গ্রীডের কাজ শেষ হলে এবং ঘোড়াশাল গ্রীড হতে বিদ্যুতের সরবরাহ বৃদ্ধি করতে পারলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে।</td><td>কালীগঞ্জ উপজেলায় বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পল্লী বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ কে অনুরোধ করা হয়।</td><td>ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ, কালীগঞ্জ , গাজীপুর।</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ প্রদান কার্যক্রম স্বাভাবিক আছে। তিনি আরও জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৫,৫০,০০০/- এবং এ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ৪১,৮০,০০০/-। চলতি মাসে মোট ৬০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং মোট ১১ জনের আত্মকর্মসংস্থান সৃষ্টি হয়েছে।</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা নির্বাচন</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে,</td><td>উপজেলা নির্বাচন বিভাগের সকল</td><td>উপজেলা নির্বাচন</td></tr>
</table>

	অধিদপ্তর	জাতীয় পরিচয়পত্র সংশোধনের কার্যক্রম চলমান আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
১৯	জাতীয় মহিলা সংস্থা	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, কালীগঞ্জ শাখা, গাজীপুর সভায় জানান যে, ক্ষুদ্র ঋণের কার্যক্রম জানু-২০২৩ থেকে মার্চ-২০২৪ পর্যন্ত চলমান এবং প্রতি মাসের ন্যায় জুন-২০২৪ইং পর্যন্ত ক্ষুদ্র ঋণের টাকা পরিশোধ হচ্ছে। ডে-কেয়ার সেন্টারের কার্যক্রম স্থিতিশীল রয়েছে। নতুন করে রাজস্ব খাতে "সেলাই ও এমব্রয়ডারী" প্রশিক্ষণ চলমান। তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প এর ০৫(পাঁচ) টি ট্রেড সকাল বিকাল ৫০*৫০=২৫০ জন প্রশিক্ষণার্থীদের নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া নারী ও উদ্যোক্তাদের সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক করা হয়েছে।	জাতীয় মহিলা সংস্থার সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকতা, জাতীয় মহিলা সংস্থা, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।	দায়িত্ব প্রাপ্ত কর্মকতা, জাতীয় মহিলা সংস্থা, কালীগঞ্জ শাখা, গাজীপুর।
২০	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অধিদপ্তর	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিখা-কাবিটার তালিকা জেলায় পাঠানো হবে মর্মে সভায় অবহিত করেন। তাছাড়া কমিটির তালিকা প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
২১	উপজেলা খাদ্য অধিদপ্তর	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, এ সিজনে ৬৩৪ মেট্রিক টন ধান সংগ্রহের বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	উপজেলা খাদ্য বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালীগঞ্জ, গাজীপুর।
২২	উপজেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা) সভায় জানান যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে কালীগঞ্জ উপজেলায় উচ্চ বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার অবকাঠামো উন্নয়নের কাজ চলমান। তিনি আরও জানান সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের ২টি প্রতিষ্ঠানের ১টি ভবনের কাজ সমাপ্ত হয়েছে, ২টি ভবনের কাজ চলমান, বে-সরকারি রাজস্ব (কোড নং-৭০১৬) এর আওতায় ১৭টি প্রতিষ্ঠানের মধ্যে ৬টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে, ১১টি ভবনের কাজ চলমান। নির্বাচিত বে-সরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ৬টি প্রতিষ্ঠানের মধ্যে ৫টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে, ১টি ভবনের কাজ চলমান। নির্বাচিত মাদ্রাসা সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ৩টি প্রতিষ্ঠানের মধ্যে ৩টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। নির্বাচিত বে-সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উর্দ্ধমুখী সম্প্রসারণ কাজ ৯টি প্রতিষ্ঠানের মধ্যে ৭টি সমাপ্ত হয়েছে, ২টির কাজ চলমান রয়েছে।	উপজেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন চলমান শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ/উন্নয়ন কার্যক্রম যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নসহ অন্যান্য কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা প্রকৌশল), কালীগঞ্জ, গাজীপুর।
২৩	ইসলামিক ফাউন্ডেশন	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, উপজেলা মডেল মসজিদ কেন্দ্র নির্মাণের ছাদের ঢালাই কাজ সম্পন্ন করা হয়েছে। মসজিদের গম্বুজের কাজ নির্মাণ শুরু হবে। ডিসেম্বর/২০২৪ সময়ের মধ্যে কাজ শেষ হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। সরকারি যাকাত ফান্ডে যাকাত উত্তোলন, বিত্তবান, শিল্পপতিদের নিকট থেকে যাকাত আদায়ে উদ্বুদ্ধ করার কার্যক্রম চলমান। ইসলামিক ফাউন্ডেশন হতে সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক এবং বাল্যবিবাহ	ইসলামিক ফাউন্ডেশনের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শনসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কালীগঞ্জ।

<table>
<tr><td></td><td></td><td>রোধ কার্যক্রমের প্রচারণা অব্যাহত আছে।</td><td></td><td></td></tr>
<tr><td>২৪</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত ঋণ বিতরন-
<table>
<tr><td>লক্ষমাত্রা</td><td>বিতরনের লক্ষমাত্রা</td><td>বিতরণ</td></tr>
<tr><td>১০৩০ (লক্ষ টাকা)</td><td>৭৭৫.৮৩ (লক্ষ টাকা)</td><td>৫১৮.০০ (লক্ষ টাকা)</td></tr>
</table>
২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা
<table>
<tr><td>লক্ষমাত্রা</td><td>আদায়ের লক্ষমাত্রা</td><td>আদায়</td></tr>
<tr><td>১২৯৮ (লক্ষ টাকা)</td><td>৭৭৮.৩৮ (লক্ষ টাকা)</td><td>৫৩৭.৬৬ (লক্ষ টাকা)</td></tr>
</table>
এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>১। পল্লী সঞ্চয় ব্যাংক, কালীগঞ্জ শাখার সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংককে অনুরোধ করা হয়।
২। লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ এবং আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক কালীগঞ্জ শাখা, গাজীপুর</td></tr>
<tr><td>২৫</td><td>উপজেলা তথ্য কেন্দ্র কালীগঞ্জ, গাজীপুর।</td><td>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, তাঁর দপ্তর হতে জুন/২০২৪ মাসে তথ্যকেন্দ্র এবং ডোর টু ডোর হতে ৮০০ জনকে ডাইবেটিস পরিমাপ, ব্লাড প্রেসার পরিমাপ, তথ্য কেন্দ্রের সেবাসমূহ প্রচার, আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ই-কমার্স মার্কেটপ্লেস লাল সবুজ ডট কম (www.lal sobuj. com) এর উদ্যোক্তা হিসেবে নিবন্ধিত হতে গ্রামীণ মহিলাদের উদ্বুদ্ধকরণসহ বিভিন্ন সেবা প্রদান করা হয়।</td><td>তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়), কালীগঞ্জ, গাজীপুর এর সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ প্রকল্প, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।</td><td>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কালীগঞ্জ, গাজীপুর।</td></tr>
<tr><td>২৬</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ ভিজিডি চক্রের উপজেলার ৭টি ইউনিয়নের ৩২২৬ জন উপকারভোগীর মধ্য হতে ১৪৬৫ জন উপকারভোগী নির্বাচন ও চূড়ান্ত অনুমোদিন করা হয়েছে। মৃত্যু, স্থানান্তর, অনাগ্রহ ইত্যাদি কারণে মোট ৩৫ জন উপকারভোগীর কার্ড বাতিল করা হয়েছে। যাদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করছে মহিলা বিষয়ক অধিদপ্তর এর সাথে চুক্তিবদ্ধ এনজিও ইএসডিও। এককালীন ২০,০০০/-(বিশ হাজার) টাকা অর্থ সহায়তা প্রদান করা হবে। মা ও শিশু সহায়তা তহবিলের আওতায় চলতি মাসে ৯৮ জন নতুন ভাতাভোগী এন্ট্রি করা হয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ প্রদানের কার্যক্রম চলমান আছে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক বিভাগের অধীন ডি ডব্লিউ বি, মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর</td></tr>
<tr><td>২৭</td><td>বিবিধ-১</td><td>১। অপ্রত্যাশিত খাত থেকে ব্যয় সংক্রান্তঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (খ) নং অনুচ্ছেদ অনুযায়ী সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/ নির্দেশনাবলী অনুসরণ-পূর্বক ঘূর্ণিঝড়, বণ্যা, প্রাকৃতিক দূর্যাগ, অগ্নিকান্ড ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষনিক পরিস্থিতি মোকাবেলায় উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে বছরে সর্বোচ্চ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে উল্লেখ আছে। উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত থেকে ২ জন ব্যক্তিকে আর্থিক সাহায্য প্রদানের বিষয়ে বিস্তারিত</td><td>১। বিস্তারিত আলোচনান্তে ১. মোঃ রাহাদুল ইসলামকে চিকিৎসার জন্য ১০,০০০/-(দশ হাজার) টাকা, ২.সিফাত উদ্দিন সরকারকে ১,০০০/- (এক হাজার) টাকা প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
২। ইমারত নির্মান আইন-১৯৫২ অমান্য করে যাতে কেউ বহুতল ভবন নির্মাণ না করে সে বিষয়ে সকলকে সচেতন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ক) নং</td><td>১। উপজেলা চেয়ারম্যান, কালীগঞ্জ, গাজীপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
৩। সংশ্লিষ্ট সকল কালীগঞ্জ, গাজীপুর।</td></tr>
</table>

		আলোচনা করা হয়। আলোচনান্তে উক্ত ২ জন ব্যক্তিকে আর্থিক সাহায্য প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর জানান যে, নকশা অনুমোদন ব্যতিত ছাড়া বর্তমানে তুমুলিয়া ও নাগরীতে বহুতল বিশিষ্ট ভবন/ইরামত নির্মান করা হচ্ছে। যা ইরামত নির্মান আইন-১৯৫২ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। নকশা পাশ ব্যতিত যাতে কেউ বহুতল বিশিষ্ট ভবন/নতুন বাড়ী, দালান নির্মাণ বা পুনঃনির্মাণ না করে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ণ) নং অনুচ্ছেদে অনুযায়ী সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশনাবলী অনুসরণ-পূর্বক যানবাহন মেরামত বাবদ অর্থবছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর জানান যে, দীর্ঘদিন যাবত উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর এর গাড়ীটি ব্যবহৃত না হওয়ায় গাড়ীটি অকেজো হয়ে পড়েছে। গাড়ীটি মেরামত করতে ৫,০৭,৫০০/-(পাঁচ লক্ষ সাত হাজার পাঁচশত) টাকা খরচ হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত গাড়ীর মেরামত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পরিশোধ করার বিষয়ে এবং অবশিষ্ট ৪,০৭,৫০০/-(চার লক্ষ সাত হাজার পাঁচশত) টাকা প্রদানের জন্য প্রশাসনিক অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	অনুচ্ছেদ অনুযায়ী সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশনাবলী অনুসরণ-পূর্বক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর এর যানবাহন মেরামত করার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত এবং অবশিষ্ট ৪,০৭,৫০০/-(চার লক্ষ সাত হাজার পাঁচশত) টাকা প্রদানের প্রশাসনিক অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	
২৭	বিবিধ-২	১। আপ্যায়ন ব্যয় সংক্রান্ত ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (জ) নং অনুচ্ছেদে অনুযায়ী উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। তিনি জানান উক্ত নির্দেশনা মোতাবেক জুন/২০২৪ মাসে উপজেলা পরিষদের বিভিন্ন সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করেন এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত ব্যয় অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন। ২। আনুষঙ্গিক ব্যয় সংক্রান্ত ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঝ) নং অনুচ্ছেদ	১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (জ) নং অনুচ্ছেদে মোতাবেক জুন/২০২৪ মাসে উপজেলা পরিষদের বিভিন্ন সভাসহ অন্যান্য আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার ব্যয় বিবরণী অনুমোদন- সহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০ এর ৩ (ঝ) নং অনুচ্ছেদ মোতাবেক জুন/২০২৪ মাসে উপজেলা পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারী দ্রব্যাদি ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় বিবরণী অনুমোদনসহ উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।

		অনুযায়ী সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/ নির্দেশনাবলী অনুসরণ-পূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারী দ্রব্যাদি বাবদ মাসিক সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। তিনি জানান উক্ত নির্দেশনা মোতাবেক জুন/২০২৪ মাসে উপজেলা পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারী দ্রব্যাদি ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করেন এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত ব্যয় অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন।		

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আমজাদ হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি
কালীগঞ্জ, গাজীপুর।

স্মারক নং-০৫.৪১.৩৩৩৪.০০০.০১.০০৭.১৯-৬২৯(৪০)

তারিখ ঃ ০৩ শ্রাবণ ১৪৩১ / ১৮ জুলাই ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-
০১। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০২। জেলা প্রশাসক, গাজীপুর।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর।
অনুলিপিঃ অবগতি ও কার্যার্থেঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। মেয়র, কালীগঞ্জ পৌরসভা, কালীগঞ্জ, গাজীপুর।
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।
০৩। উপজেলা...অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
০৪। চেয়ারম্যান...ইউপি (সকল), কালীগঞ্জ, গাজীপুর।
০৫। জনাব...
০৬। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, গাজীপুর।